

2024
SRMUJ
3rd Semester Examination
M.A.
Bengali
BNG-304(C)
রবীন্দ্র সাহিত্য

Full Marks: 40

Time: 2 Hours

The figures in the margin indicate full marks. Candidates are required to give their answers in their own words as far as practicable.

১। যে কোন দুটি প্রশ্নের উত্তর লেখো।

২x৫

ক) ঠাকুর পরিবারের ইতিহাস ও সংস্কৃতি সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো।

খ) “দুঃখ হলো প্রেমময়ীর দূতী”—অজিত কুমার চক্রবর্তীর এই মন্তব্য রবীন্দ্রনাথের ‘গীতাঞ্জলি’ কাব্যের ১ সংখ্যক গানকে কীভাবে ব্যাখ্যা করে তা লেখো।

গ) চিত্রাঙ্গদা নৃত্যনাট্যের শেষে নায়িকার আত্মপরিচয়ের মাধ্যমে কীভাবে তার চরিত্রের স্বাভাবিক প্রকাশিত হয়েছে তা আলোচনা করো।

ঘ) ‘ছিন্নপত্রাবলী’-র ১৩ নম্বর চিঠি অনুসারে রবীন্দ্রনাথের মর্ত্যপ্রীতির পরিচয় দাও।

২। যেকোনো তিনটি প্রশ্নের উত্তর দাও:

১০x৩=৩০

ক) ঠাকুরবাড়ির পরিমণ্ডলে ‘ভারতী’ পত্রিকাকে কেন্দ্র করে যে উন্মাদনা তৈরি হয়েছিল তার পরিচয় দাও। ১০

খ) “প্রকৃতি আপনার ভিতরে যে অমৃত শক্তি পাইয়াছে সেটাকে বাহিরে নানা রূপে নানা রসে শোধ করিয়া দিতেছে।”—‘শারদোৎসব’ সম্পর্কে রবীন্দ্রনাথের এই উক্তির সঙ্গে ‘গীতাঞ্জলি’ কাব্যের ৮ সংখ্যক গানের ভাবসাদৃশ্য লক্ষ্য করা যায়।”—মন্তব্যটির গ্রহণযোগ্যতা বিচার করো।

গ) কাব্যনাট্য ‘চিত্রাঙ্গদা’ ও নৃত্যনাট্য ‘চিত্রাঙ্গদা’র প্রকাশকাল কী কী? দুটি রচনার মধ্যে তুলনামূলক আলোচনা করো। (২+৮)

ঘ) ‘গীতাঞ্জলি’ কাব্যে প্রতিফলিত দর্শন চিন্তার স্বরূপ বিশ্লেষণ করো। ১০

ঙ) ‘ছিন্নপত্রাবলী’ অবলম্বনে জমিদার রবীন্দ্রনাথের যে পরিচয় ফুটে উঠেছে তা বিশ্লেষণ করে দেখাও।